

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১২৫২/২৪

২৯/০১/২০২৪

তারিখঃ -----

১৫ মাঘ, ১৪৩০

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/

একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক

সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়

লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা

এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ পবিত্র রমজান মাস উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি ঋণপত্র স্থাপন এবং নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫ তারিখঃ ১৭ জানুয়ারি, ২০২৪ এর মাধ্যমে আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে কতিপয় নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে (অপর পৃষ্ঠায় মুদ্রিত) :

উদ্ধৃত

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৯ তারিখঃ ১১ ডিসেম্বর ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বিগত বছরের রমজান মাসে কতিপয় নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে সংরক্ষিতব্য নগদ মার্জিনের হার নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। এ ক্ষেত্রে, আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে এ জাতীয় ভোগ্যপণ্যের চাহিদা বৃদ্ধির প্রেক্ষিতে উক্ত পণ্যসমূহের আমদানি সহজীকরণের মাধ্যমে মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিতকল্পে ভোজ্যতেল, ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, চিনি এবং খেজুর এর আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে সংরক্ষিতব্য নগদ মার্জিনের হার ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নূন্যতম পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৩. এতদ্ব্যতীত, অভ্যন্তরীণ বাজারে উল্লিখিত পণ্যসমূহের সরবরাহ নিশ্চিতকল্পে আমদানি ঋণপত্র স্থাপনে অগ্রাধিকার প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।

৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।


অনুদ্রুত

এ অবস্থায়, আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে কতিপয় নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন/বাস্তবায়নের জন্য এডি শাখাসহ সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় সমূহকে পরামর্শ প্রদান করা হলো।



(মোঃ মামুন-অর-রশীদ)

উপ-মহাব্যবস্থাপক



(মিজানুর রহমান)

মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৭ জানুয়ারি ২০২৪

তারিখ: -----

০৩ মাঘ ১৪৩০

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

পবিত্র রমজান মাস উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের
আমদানি ঋণপত্র স্থাপন এবং নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৯ তারিখ: ১১ ডিসেম্বর ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বিগত বছরের রমজান মাসে কতিপয় নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে সংরক্ষিতব্য নগদ মার্জিনের হার নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে, আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে এ জাতীয় ভোগ্যপণ্যের চাহিদা বৃদ্ধির প্রেক্ষিতে উক্ত পণ্যসমূহের আমদানি সহজীকরণের মাধ্যমে মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিতকল্পে ভোজ্যতেল, ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, চিনি এবং খেজুর এর আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে সংরক্ষিতব্য নগদ মার্জিনের হার ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ন্যূনতম পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৩. এতদ্ব্যতীত, অভ্যন্তরীণ বাজারে উল্লিখিত পণ্যসমূহের সরবরাহ নিশ্চিতকল্পে আমদানি ঋণপত্র স্থাপনে অগ্রাধিকার প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।
৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২